



নারায়ণগঞ্জের সাবেক মেয়র আইভীর ৫ মামলায় হাইকোর্টের জামিন স্থগিত



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জ সিটি করপোরেশনের সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর বিরুদ্ধে পোশাক শ্রমিক মিনারুল হত্যাসহ মোট ৫টি মামলায় হাইকোর্টের দেওয়া জামিন স্থগিত করেছেন চেম্বার আদালত। বুধবার (১২ নভেম্বর) আপিল বিভাগের চেম্বার বিচারপতি মো. রেজাউল হক এ আদেশ দেন।

এর আগে, ৯ নভেম্বর হাইকোর্টের ডিভিশন বেঞ্চের বিচারপতি এ এস এম আবদুল মোবিন ও বিচারপতি মো. সগীর হোসেনের নেতৃত্বে আইভীর জামিন আবেদনের শুনানি শেষে রুল ‘অ্যাবসলিউট’ ঘোষণা করেন।

পরে রাষ্ট্রপক্ষ হাইকোর্টের ওই আদেশ স্থগিতের জন্য আবেদন করেন। আজ আদালতে রাষ্ট্রপক্ষের পক্ষে শুনানি করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার অনীক আর হক, আর আইভীর পক্ষে ছিলেন ব্যারিস্টার সারা হোসেন।

উল্লেখযোগ্য, গত ৯ মে নারায়ণগঞ্জের দেওভোগ এলাকার নিজ বাসা থেকে গ্রেফতার হন আইভী। তাকে তিনটি হত্যা ও দুটি হত্যাচেষ্টা মামলাসহ একাধিক মামলায় জিজ্ঞাসাবাদের জন্য হাজির করা হয়।